# Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 08 April, 2025

রাজশাহীর চারঘাটে মদপানে অসুস্থ হয়ে মাসুদ রানা ও নাদিম ইসলাম নামে দুই যুবকের মৃত্যু হয়েছে।মঙ্গলবার সকালে দুই ঘণ্টার ব্যবধানে তারা মারা যান।দু'জনের বাড়ি উপজেলার নিমপাড়া ইউনিয়নে।মাসুদ রানা সকালে সাড়ে সাতটার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ও নাদিম ইসলামকে হাসপাতালে নেওয়ার পথে ভোর সাড়ে পাঁচটার দিকে মারা যান।

এ ঘটনায় মোহাম্মদ টনি নামের আরও এক যুবক গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে আছেন।তিনি নাটোরের বাগাতিপাড়া উপজেলা কৃষি অফিসে উপ-সহকারী কৃষি কর্মকর্তা হিসাবে কর্মরত আছেন।

হাসপাতালে চিকিৎসাধীন মোহাম্মদ টনি জানান, নাদিম ইসলাম তার বন্ধু।গাড়ি না থাকায় মাসুদ রানার ভ্যান রিজার্ভ করে চলাফেরা করেন। রোববার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে মাসুদ রানা, নাদিম ও মেহেদীর সঙ্গে ঝিকরা এলাকার মামুন নামের এক ব্যক্তির কাছে মদ পান করতে যান।তিনি সামান্য একটু পান করার পর অসুস্থ বোধ করেন, তখন বিরত থাকেন।কিন্তু নাদিম ও রানা বেশি পরিমাণে মদ পান করে।রাতেই তারা অসুস্থ হয়ে পড়েন।হাসপাতালে নিলে চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন।

মাসুদ রানার স্ত্রী সাবিনা খাতুন বলেন, 'আমার স্বামী রোববার রাত ৮টার দিকে বাড়িতে আসেন।মদ পান করেছিলেন কিনা জানি না।রাতে দুটি বিস্কুট ছাড়া আর কিছু খাননি।সোমবার সারাদিন ঘুমিয়েছেন।সন্ধ্যার পর থেকে পেট ব্যথা শুরু হয়।গ্যাস্ট্রিকজনিত সমস্যা ভেবে রাত দুইটার দিকে হাসপাতালে নিলে সকালে মারা যান।

চারঘাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, নিমপাড়া এলাকার দুই ব্যক্তির মৃত্যু হয়েছে।পুলিশ ঘটনাস্থলে আছে। তিনি আরো বলেন, মদপানে মৃত্যু হয়েছে কিনা এটা আমার জানা নেই।বিষয়টি তদন্ত চলছে।

মদপান মৃত্যু কৃষি কর্মকর্তা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:01

URL: https://timestodaybd.com/rajshahi/522775807